

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ নজরুল ইসলাম (পরিচিতি নং ১১১৯৮) একজন নন-ক্যাডার কর্মকর্তা। তিনি ১৯৬৮ সালের ০১ জুলাই কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলার দক্ষিণ রামপুর গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম সেকান্দর আলী ও মাতার নাম সূর্যবান বিবি। তাঁর শিক্ষা জীবন শুরু হয় চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে। তিনি কুমিল্লা শহরে অবস্থিত ইউসুফ বহুমুখী উচ্চ বিদ্যালয় হতে ১৯৮৪ সালে মাধ্যমিক এবং কুমিল্লা কমার্স কলেজ হতে ১৯৮৬ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশ করেন। তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা হতে ব্যবস্থাপনা বিষয়ে ১৯৮৯ সালে বি.কম (অনার্স) ও ১৯৯০ সালে মাষ্টার অব কমার্স ডিগ্রী অর্জন করেন।

জনাব মোঃ নজরুল ইসলাম ১৯৮৭ সালের ২৯ সেপ্টেম্বর নৌপরিবহন মন্ত্রণালয়ে ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে চাকুরীতে যোগদান করেন। তিনি নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব ও মাননীয় মন্ত্রীর ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ০১ নভেম্বর, ২০১২ হতে ২৫ ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত সহকারী সচিব পদে দায়িত্ব পালন করেন। তিনি ২৬ ডিসেম্বর, ২০১৭ তারিখে সিনিয়র সহকারী সচিব পদে পদোন্নতি লাভ করেন এবং একই তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশের প্রেক্ষিতে নৌপরিবহন মন্ত্রণালয়ে সিনিয়র সহকারী সচিব হিসেবে যোগদান করেন। বর্তমানে তিনি নৌপরিবহন মন্ত্রণালয়ের বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) শাখায় সিনিয়র সহকারী সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি তাঁর কর্মজীবনে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার হতে ফাউন্ডেশন ট্রেনিং, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা হতে অফিস ম্যানেজমেন্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়ের লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র হতে ই-ফাইল ম্যানেজমেন্ট সিস্টেম, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বেনবেইস হতে কম্পিউটার ম্যানেজমেন্ট এন্ড ট্রাবলসুটিং অব হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্ক এবং ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর হতে ফায়ার ফাইটিং শীর্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন। তিনি সরকারি কাজে সিঙ্গাপুর, স্পেন, ফ্রান্স, তুরস্ক, মালয়েশিয়া ও জাপান ভ্রমণ করেছেন।

জনাব মোঃ নজরুল ইসলাম ১৯৯৮ সালের ০৮ মার্চ নূর ফিদাহ্ নিস্মীর সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তিনি দুই পুত্র সন্তানের জনক। তাদের বড় ছেলে নটরডেম কলেজ উচ্চ মাধ্যমিক বিজ্ঞান শাখায় এবং ছোট ছেলে মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজে সপ্তম শ্রেণীতে অধ্যয়নরত।